



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

সংশোধিত

সূত্র : ১৬(৮১৩)জাতীয়বিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/বিভিপ্র/২০১৭/৯৩৩

তারিখঃ ১২/১১/২০১৭

প্রেরক : ডিন

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

প্রাপক : অধ্যক্ষ

স্নাতক(সম্মান) ও স্নাতকোত্তর কোর্সে পাঠদানকারী (সরকারি ও বেসরকারি) অধিভুক্ত সকল কলেজ

বিষয় : কলেজের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্সে পাঠদানকারী শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্তে TTIS-এর মাধ্যমে অনলাইনে আবেদন নিশ্চিত করা প্রসঙ্গে।

জনাব

আশাকরি আপনি অবগত রয়েছেন যে, কলেজ শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ইউজিসি/জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বাস্তবায়নায়ী বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংক এর যৌথ অর্থায়নে College Education Development Project (CEDP) এর আওতায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণীতে পাঠদানকারী শিক্ষকদের জন্য বিষয়ভিত্তিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হচ্ছে।

সিইডিপি-২য় ব্যাচে ইংরেজি, পদার্থবিজ্ঞান, ব্যবস্থাপনা ও সমাজকর্ম বিষয়ের প্রশিক্ষণ ২১/১১/২০১৭ থেকে ১৮/১২/২০১৭ তারিখের পরিবর্তে আগামী ০২/০১/২০১৮ থেকে ২৯/০১/২০১৮ তারিখে জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর-এ অনুষ্ঠিত হবে।

উক্ত ব্যাচে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণীতে পাঠদানকারী নিয়মিত নিয়োগপ্রাপ্ত TTIS-ধারী শিক্ষকগণ কলেজের অধ্যক্ষের মাধ্যমে তাঁর প্রার্থীতা নিশ্চয়ন করতে পারবেন। উল্লেখ্য যে, প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) জন করে প্রশিক্ষার্থীর অংশগ্রহণের সুযোগ রয়েছে।

আবেদন **Submit** (প্রেরণ) করার পদ্ধতি :

ইতোমধ্যে যে সকল শিক্ষক TTIS-এ তথ্য প্রেরণ করেছেন তারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট-www.nu.edu.bd এর **TRAINING** মেন্যুতে **TTIS-Teachers Training Information System** ডাটাবেজ-এ রেজিস্ট্রেশনকৃত **College User Log in** করে **Training Application Panel** মেন্যুর মধ্যে **Application Page** সাব-মেন্যু ব্যবহার করে অধ্যক্ষ মহোদয় এর মাধ্যমে/অনুমোদন সাপেক্ষে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রার্থীতা নিশ্চিতকরণের আবেদন **Submit** (প্রেরণ) করবেন।

****TTIS-এর তথ্য প্রেরণের পূর্বে ওয়েবসাইট এর TRAINING মেন্যুর TTIS-Teachers Training Information System-এ College User Log in page-এ রক্ষিত TTIS ব্যবহার নির্দেশিকাটি অবশ্যই অনুসরণ করুন।**

নিশ্চয়নকৃত আবেদনসমূহের মধ্য থেকে প্রতিটি বিষয়ে ৪০ (চল্লিশ) জন শিক্ষকের চূড়ান্ত তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-www.nu.edu.bd -এ এবং ওয়েবসাইট এর **TRAINING** মেন্যুতে **Training Notice**-এ প্রশিক্ষণ শুরুর পূর্বেই প্রকাশ করা হবে। তাছাড়া, প্রশিক্ষণের জন্য চূড়ান্ত মনোনয়নপ্রাপ্তদেরকে স্ব-স্ব মোবাইলে এসএমএস (SMS)/ই-মেইল এর মাধ্যমে অবহিত করা হবে।

**** আবেদন প্রেরণের সময়সীমা: ৩০/১১/২০১৭ ইং তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।**

**** আবেদন Submit (প্রেরণ)-এর ক্ষেত্রে সার্ভার/নেটওয়ার্ক জটিলতা এড়াতে যত দ্রুত সম্ভব আবেদন প্রেরণ করা যেতে পারে।**

বিষয়টি জরুরী।

ধন্যবাদান্তে-

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

ফোন : ৯২৯১০৭৪, ইমেইল: ttubd@gmail.com

সূত্র : ১৬(৮১৩)জাতীয়বিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/বিভিপ্র/২০১৭/৯৩৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

তারিখঃ ১২/১১/২০১৭

১. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
২. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৩. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৪. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৫. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৬. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৭. অফিস কপি

(মোঃ হাছানুর রহমান) ১২/১১/২০১৭

উপ-রেজিস্ট্রার

শিক্ষক প্রশিক্ষণ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

ফোন : ৯২৯১০৮০, ইমেইল: ttubd@gmail.com

শিক্ষক প্রশিক্ষণ অফিসিয়াল পেইজ : <http://www.facebook.com/ttubdOfficial>